# আল-আলাক | Al-Alaq | ٱلْعَلَق

আয়াতঃ ৯৬ : ১৪

## আরবি মূল আয়াত:

اَلَم یَعلَم بِاَنَّ اللّٰهَ یَرٰی ﴿۱۴﴾

## অনুবাদসমূহ:

সে কি জানেনা যে, নিঃসন্দেহে আল্লাহ দেখেন? — আল-বায়ান

সে কি জানে না যে, আল্লাহ দেখেন? — তাইসিরুল

তাহলে সে কি অবগত নয় যে, আল্লাহ দেখছেন? — মুজিবুর রহমান

Does he not know that Allah sees? — Sahih International

### ১৪. সে কি জানে না যে, নিশ্চয় আল্লাহ দেখেন?!(১)

(১) এখানে আশ্চর্যবোধক এবং তিরস্কারসূচক প্রশ্ন করা হয়েছে যে, সে কি জানে না যে, আল্লাহ দেখছেন; তার এ কাজ-কর্মের প্রতিদান দেবেন? তবুও সে অবাধ্যতা করছে ও সৎকাজে বাধা প্রদান করছে কেন? [কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

### ১৪। তবে কি সে অবগত নয় যে, আল্লাহ (তার সবকিছু) দেখছেন? [1]

[1] এর মতলব হল যে, এই ব্যক্তি (আবু জাহল) যে এইরূপ আচরণ করছে সে কি জানে না যে, আল্লাহ তাআলা সবকিছু দেখছেন? এবং তিনি তাকে এর প্রতিফল ভোগাবেন। অর্থাৎ, أَلَم تَعلَم হল পূর্বে উল্লিখিত إن كَانَ علَى الهُدَى، إن كَذَّبَ وتَوَلَّى শর্ত বাক্যের পরিপূরক।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=6120

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন